SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## রোজাদারদের সাথে শক্তি ফাউন্ডেশন



শক্তি ফাউন্ডেশন এ বছর দেশের ৫৭ টি জেলার বিভিন্ন মসজিদ-মাদ্রাসা, এতিমখানা, প্রতিবন্ধী বিদ্যালয়, বৃদ্ধাশ্রম ও পথচারী রোজাদাররা যেন এই রমজানে নির্বিঘ্নে সিয়াম পালন ও ইবাদত বন্দেগী করতে পারেন, সেই লক্ষ্যকে সামনে রেখে ৩৪ হাজার রোজাদারের মাঝে বিনামূল্যে ইফতার করানোর জন্য কর্মসূচির আয়োজন করেছে। এরই অংশ হিসেবে রাজশাহী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয় মতিহার, রাজশাহী, বয়স্ক পূর্ণবাসন কল্যাণ সংস্থা , বরিশাল এবং শক্তি ফাউন্ডেশনের বিভিন্ন কর্ম এলাকা, সাভারের আদর্শ গ্রাম মাজার গেট, মারকাজুল উলুম মাদ্রাসা ও এতিমখানা, আল জামিয়াতুল আরাবিয়া রাজাসন দারুল উলুম মাদ্রাসা ও এতিমখানা এবং ফাতেমাতুজ্ জহুরা হাফিজিয়া মাদ্রাসা এবং দরিদ্র অসহায় মানুষ, পথচারী, এতিম শিশু ও স্থানীয় রোজাদারদের মাঝে ইফতার বিতরণ করেছে শক্তি ফাউন্ডেশন। এ পর্যন্ত উল্লেক্ষিত স্থানসমূহে প্রায় ৬০০০ এর রোজাদারদের মাঝে ইফতার বিতরণ সম্পূর্ণ করেছে। ইফতার বিতরণের কার্যক্রম দেখলে ক্লিক করুন- https://url-shortener.me/GVSH

## শক্তি উৎস শিশু দিবাযত্ন কেন্দ্র (ডে-কেয়ার সেন্টার) প্রতিষ্ঠায় সমঝোতা স্মারক স্বাক্ষর




কর্মজীবি মায়েদের শিশুদের জন্য নিরাপদ, সুরক্ষিত ও মানসম্মত শিশু দিবাযত্ন কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্যে শক্তি ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়ে উৎস বাংলাদেশ ও শক্তি ফাউন্ডেশনের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এই উদ্যোগের মূল উদ্দেশ্য হলো শিশুদের সুস্থ ও সুরক্ষিত বিকাশ নিশ্চিত করা এবং কর্মজীবি মায়েদের কর্মক্ষেত্রে নিশ্চিন্তভাবে দায়িত্ব পালনের সুযোগ সৃষ্টি করা; শক্তি ফাউন্ডেশনের কর্ম এলাকায় যৌথ দায়িত্বে "শক্তি উৎস শিশু দিবাযত্ন কেন্দ্র" পরিচালিত হবে, যা উৎস বাংলাদেশের 'আস্থা' উদ্যোগের একটি অংশ। এখানে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের জন্য মানসম্মত দিবাযত্ন সেবা প্রদান করা হবে।

স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি এবং উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ। উৎস বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক মাহবুবা আক্তার মাহমুদ। এছাড়াও উভয় প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এই সমঝোতা স্মারকের মাধ্যমে সুবিধাবঞ্চিত কর্মজীবী নারীদের জন্য একটি সহায়ক ও টেকসই সহায়তা কাঠামো গড়ে তোলার পথ সুগম হলো, যা নারীর ক্ষমতায়ন ও জাতীয় শ্রম শক্তিতে নারীর অধিকতর অংশগ্রহণ নিশ্চিত করবে বলে সংশ্লিষ্টরা আশাবাদ ব্যক্ত করেন।

## APRACA-এর ২৪তম সাধারণ সভায় শক্তি ফাউন্ডেশনের অংশগ্রহণ

এশিয়া-প্যাসিফিক রুরাল অ্যান্ড এগ্রিকালচারাল ক্রেডিট অ্যাসোসিয়েশন (APRACA)-এর একজন সম্মানিত সদস্য হিসেবে শক্তি ফাউন্ডেশনের উপনির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত APRACA-এর ২৪তম সাধারণ সভা ও আঞ্চলিক নীতি ফোরামে অংশগ্রহণ করেন। এ গুরুত্বপূর্ণ সভায় এশিয়া-প্যাসিফিক অঞ্চলের বিভিন্ন দেশ থেকে আগত নীতিনির্ধারক, উন্নয়ন বিশেষজ্ঞ ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন এবং গ্রামীণ অর্থায়ন, টেকসই কৃষি উন্নয়ন ও আর্থিক অন্তর্ভুক্তি নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠান চলাকালীন জনাব ইমরান আহমেদ APRACA-এর জেনারেল সেক্রেটারি Dr. Prasun Das এবং Stockholm Environment Institute (SEI)-এর ICCAP Project Director Mr. Corrado Topi-এর সঙ্গে এক ফলপ্রসূ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনায় অন্তর্ভুক্তিমূলক কৃষি অর্থায়ন, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় গ্রামীণ জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি এবং জলবায়ু-সহনশীল গ্রামীণ উন্নয়নকে এগিয়ে নিতে সম্ভাব্য সহযোগিতা ও উদ্যোগ নিয়ে মতবিনিময় করা হয়।



## কৈশোরকালীন স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে শক্তি ফাউন্ডেশনের স্যানিটারি ন্যাপকিন বিতরণ






কিশোরীদের কৈশোরকালীন স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং স্যানিটারি ন্যাপকিন ব্যবহারের সঠিক নিয়ম জানাতে শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে কুমিল্লা তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নে ২০০ জন কিশোরীদের মাঝে ৩ প্যাকেট করে প্রায় ৬০০ প্যাকেট স্যানিটারি ন্যাপকিন সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হয় এবং ভবিষ্যতে শক্তি ফাউন্ডেশনের এই কার্যক্রম অব্যাহত থাকবে। অনুষ্ঠানে কৈশোরকালীন স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও নিরাপদ ন্যাপকিন ব্যবহারের নানাবিধ গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন ডাঃ ফারহানা রহমান। এছাড়াও এই অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন লিপি সাহা, ডিরেক্টর, হেড অফ সমৃদ্ধি কর্মসূচি এবং শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## কেরানীগঞ্জে শক্তি ফাউন্ডেশনের নারী পরিচালিত শাখার যাত্রা শুরু



নারীর আর্থ-সামাজিক ক্ষমতায়নের লক্ষ্যে শক্তি ফাউন্ডেশন গত ৩৪ বছর ধরে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় এই প্রথম "নারীদের জন্য, নারীদের দ্বারা" মূলমন্ত্র নিয়ে ঢাকার কেরানীগঞ্জে সম্পূর্ণ নারী কর্মীদের দ্বারা পরিচালিত শক্তি ফাউন্ডেশনের একটি শাখা যাত্রা শুরু করেছে। এটি শুধুমাত্র নারীদের আত্মবিশ্বাস ও নেতৃত্বগুণের এক উজ্জ্বল উদাহরণই নয়, বরং নারীর সক্ষমতার দৃশ্যমান স্বীকৃতি।

## কুমিল্লা তিতাসে শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে নারীদের ব্লক-বাটিক প্রশিক্ষণ

তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নের বিরামকান্দি গ্রামের কয়েকজন উদ্যমী নারী-যুবার আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যেই শক্তি ফাউন্ডেশন আয়োজন করেছে ব্লক-বাটিক প্রশিক্ষণ। নিজেকে প্রতিষ্ঠিত করার স্বপ্ন যখন থাকে, তখন লাগে সঠিক দিকনির্দেশনা, সাহস আর প্রয়োজনীয় দক্ষতা। এই নারীরা সেই স্বপ্ন পূরণে পরিশ্রম, আগ্রহ এবং নতুন কিছু শেখার মনোভাবকে সঙ্গী করে শিখছেন ব্লক-বাটিকের সৃজনশীল কাজ। শক্তি ফাউন্ডেশনের এই উদ্যোগ তাদের আত্মনির্ভরতার পথে এগিয়ে যেতে বড় সহায়তা করছে। নিজের হাতে গড়া সফলতার গল্পই হবে তাদের আগামী দিনের শক্তি।



## একনজরে শক্তি ( ফেব্রুয়ারি ২৮, ২০২৬)

| | |
|---|---|
| বিভাগ | ৮ |
| জেলা | ৫৭ |
| জোন | ৪ |
| রিজিয়ন | ২৮ |
| এরিয়া | ১২৮ |
| ব্রাঞ্চ | ৬২৪ |
| সদস্য | ৫,৮২,৬১৮ জন |
| ঋণী | ৪,৬৬,৮৮৯ জন |
| সঞ্চয় স্থিতি | ১,৫৬০ কোটি |
| ঋণস্থিতি | ৩,৩৪৭ কোটি টাকা |
| কর্মী সংখ্যা | ৫,২০০ জন |
| মেডিকেল অ্যাসিস্ট্যান্ট | ৯৮ জন |

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd

প্রতি মাসে 'শক্তি বার্তা'র অনলাইন কপি পেতে ইমেইল চেক করতে ভুলবেন না।